



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।
www.banbeis.gov.bd



স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.০১৬.১৫ (পার্ট-৩) / ৫৬৫

তারিখ: ১৭ পৌষ ১৪২৯
০১ জানুয়ারি ২০২৩

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থা (G.R.S) এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (G.R.S) এর আলোকে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর-২০২২ মাসের প্রতিবেদন নির্ধারিত ছক পূরণপূর্বক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃ.আ: ড. শ্রীকান্ত কুমার চন্দ, যুগ্মসচিব (নীতি ও সংস্কার অধিশাখা-১))

(মো: আবদুস সালাম)
উপপরিচালক (প্রশাসন)

☎: ৪১০৬০৭৫৩

ই-মেইল: dd_admin@banbeis.gov.bd

অভিযোগ প্রতিকার ব্যবস্থা (G.R.S) সংক্রান্ত ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন//২০২২-২৩

মন্ত্রণালয়/বিভাগের নাম: বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

বিবেচ্য মাস: অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর-২০২২।

পরিবীক্ষণ প্রতিবেদন:

অভিযোগ প্রতিকার ব্যবস্থা (G.R.S) সংক্রান্ত বিগত তিন মাসের (অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর-২০২২) বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন ২০২২-২৩ নিম্নরূপে উপস্থাপন করা হলো:

(১) অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক ও আপীল):

(ক) অনিক নিয়োগ:

ব্যানবেইস এ অভিযোগ বিষয়ে প্রতিকারের জন্য অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নিয়োগ দেয়া হয়েছে। অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিকার ব্যবস্থা নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) মোতাবেক অনলাইনে এবং অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে বিধি মোতাবেক নিষ্পত্তি করছেন। তিনি সময়ে সময়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আপীল কর্মকর্তা ও দপ্তর প্রধানকে অবহিত করছেন।

(খ) আপীল কর্মকর্তা নিয়োগ:

ব্যানবেইস এ অভিযোগ বিষয়ে প্রতিকারের জন্য আপীল কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে। তিনি অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিকার ব্যবস্থা নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) মোতাবেক প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে বিধি মোতাবেক নিষ্পত্তি করছেন। তিনি অনিক ও অধস্তন দপ্তরসমূহের অভিযোগ প্রতিকার বিষয়ে কার্যক্রম মনিটরিং করছেন এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করছেন। অনলাইনে এবং অফলাইনে প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে বিধি মোতাবেক নিষ্পত্তি করছেন।

(২) নির্দিষ্ট সময়ে অনলাইন/অফলাইন প্রাপ্ত অভিযোগ:

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)-এ বিগত তিন মাসে (অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর-২০২২) এই তিন মাসে অনলাইন বা অফলাইনে কোন অভিযোগ পাওয়া যায় নি।

(৩) অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন প্রেরণ:

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্ধারিত ফরমেটে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে যথাসময়ে মাসিক প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে।

এক নজরে ২য় ত্রৈমাসিক অভিযোগ প্রতিকার সংক্রান্ত তথ্য

ক্রমিক	মাসের নাম	প্রাপ্ত অভিযোগ	অভিযোগ নিষ্পত্তির সংখ্যা	অনিষ্পন্ন অভিযোগ সংখ্যা	আপীল আবেদন সংখ্যা	আপীল নিষ্পত্তির সংখ্যা	অনিষ্পন্ন আপীল সংখ্যা	মন্তব্য
	অক্টোবর/২২	০	০	০	০	০	০	
	নভেম্বর/২২	০	০	০	০	০	০	
	ডিসেম্বর/২২	০	০	০	০	০	০	

(৪) **অভিযোগ প্রতিকার সংক্রান্ত প্রশিক্ষণ:**

কর্মকর্তা/কর্মচারীদের সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা এবং জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ আগামী ৩য় কোয়ার্টারে আয়োজন করা হবে।


(৫) **স্টেকহোল্ডার সভা:**

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত স্টেকহোল্ডারগণের সমন্বয়ে আগামী ৩য় কোয়ার্টারে সভা আয়োজন করা হবে।

(৬) **সার্বিক পরিবীক্ষণ:**

বিগত তিন মাসে প্রাপ্ত অভিযোগসমূহ পর্যালোচনা করলে দেখা যায় যে, বর্তমানে এ বিভাগে কোন অভিযোগ পেন্ডিং নেই।

প্রতিবেদন দাখিলকারীর স্বাক্ষর :

 ২/১১/২৬

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার নাম : মো: আবদুস সালাম

পদবি :

উপপরিচালক (প্রশাসন)

ফোন নং :

৪১০৬০৭৫৩

ই-মেইল :

dd_admin@banbeis.gov.bd

মোঃ আবদুস সালাম
উপপরিচালক (প্রশাসন)